# জুন/২০২২ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব মোঃ সোলায়মান হোসেন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেওয়ানগঞ্জ, জামালপুর।

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

তারিখ ও সময় ঃ ২১/৬/২০২২ খ্রি.। সকাল-১১-০০ ঘটিকা।

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট-'ক')।

উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয়, কোনরুপ সংশোধনী না থাকায় দৃঢ়ীকরণ করা হয়। অতপর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| ক্রঃ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১) | কৃষি বিভাগ ঃ<br>উপজেলা কৃষি অফিসার জানান যে, চলতি বছর ৯১৮৫ হেঃ জমিতে বোরো ধান কর্তন সম্পন্ন হয়েছে। ফলনে জাতীয় লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। বর্তমানে মাঠে ৫২০০ হে. জমিতে পাট, ৮৫০ হেঃ জমিতে আউশ ধান, ৫৫০ হেঃ জমিতে সবজি এবং ৫০ হেঃ জমিতে মরিচ ফসল বিদ্যমান রয়েছে। আকষ্কিক বন্যা ও অতিবৃষ্টিতে ৭৫০ হেঃ পাট, ৯০ হেঃ আউশ ধান, ৬০ হেঃ সবজি এবং ১২ হেঃ মরিচ ফসল পানিতে নিমজ্জিত রয়েছে। তাছাড়া প্রায় ২৫০ হেঃ বিভিন্ন ফসলী জমি আংশিক নিমজ্জিত রয়েছে। পানি বৃদ্ধি পেলে নিমজ্জিত ফসলের পরিমান আরও বৃদ্ধি পাবে। প্রকৃত ক্ষয়ক্ষতি নিরুপন করতে আরও কিছুদিন অপেক্ষা করতে হবে। এই বছর দেওয়ানগঞ্জ উপজেলায় ৮৫৫৫ হেঃ জমিতে রোপা আমন আবাদের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। তাছাড়া রোপা আমন প্রণোদনা কার্যকত্রমের আওতায় ৮০০ জন কৃষকের একটি বরাদ্দ পাওয়া গেছে। উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির মাধ্যমে পৌরসভা এবং ইউনিয়ন ভিত্তিক দ্রুত বিভাজন প্রদান করা হবে। বর্তমান বন্যা পরিস্থিতিতে সকল কৃষকদের পাশে থাকার জন্য মাঠ পর্যায়ে উপসহকারী কৃষি কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করা হয়েছে। উপজেলায় বীজ ও রাসায়নিক সারের কোন সংকট নেই। নিয়মিত মাঠ পরিস্থিতি মনিটরিং করা হচ্ছে। | মাঠ পর্যায়ে কৃষকদের পাশে থেকে সঠিক দিকনির্দেশনা ও পরামর্শ প্রদান কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার |
| ০২) | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ঃ<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তাঁর বিভাগ সম্পর্কিত আলোচনা সম্ভব হয়নি। | | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ০৩) | জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর ঃ<br>সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর সভায় জানান যে, বন্যা মোকাবিলায় অত্র দপ্তরের পর্যাপ্ত প্রস্তুতি রয়েছে। অস্থায়ী নলকূপ, ল্যাট্রিন, ব্লিচিং পাউডার এবং পানি বিশুদ্ধকরন ট্যাবলেট সবকিছু আছে। প্রয়োজন অনুযায়ী সরবরাহ করা হবে। এ,আই, আর, পির কাজ চলমান রয়েছে। সমগ্র বাংলাদেশে বরাদ্দকৃত নলকূপের কাজ শুরু হবে। | আলোচনাক্রমে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী |
| ০৪) | উপজেলা সমাজসেবা অফিস ঃ<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে,<br>০১। পবিত্র ঈদ উল আযহার পূর্বেই সকল উপকারভোগীদের ৪র্থ কিস্তির ভাতা প্রাপ্য হয়েছেন।<br>০২। ০৬ জন লোককে আর্থিক সাহায্য প্রদান করা হয়েছে।<br>০৩। রোগীকল্যান তহবিল হতে এই মাসে ১৫ জনকে ঔষধ সরবরাহ করা হয়েছে।<br>০৪। প্রতিবন্ধী ভাতা প্রত্যেক ইউনিয়ন ওয়ারী বরাদ্দের চাহিদা তালিকা দেয়ার জন্য অনুরোধ করা হয়।<br>০৫। বিভাগীয় অন্যান্য কার্যক্রম ভালোভাবে চলছে। | সমাজসেবা বিভাগের ভাতাভোগীর কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অফিস |
| ০৫) | উপজেলা সমবায় অফিস ঃ<br>উপজেলা সমবায় কর্মকর্তা সভাকে জানান যে,<br>০১। দেওয়ানগঞ্জ উপজেলাধীন সমবায় সমিতিসমূহের ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক নিরীক্ষা কার্যক্রম লক্ষ্যমাত্রা অনুযায়ী সম্পাদন করা হয়েছে। ২০২১-২০২২ অর্থবছরের নিরীক্ষা বরাদ্দ কার্যক্রম চলমান রয়েছে।<br>০২। নিরীক্ষা ফি বাবদ =৫,২৩০/- (পাঁচ হাজার দুইশত ত্রিশ) টাকা এবং সমবায় উন্নয়ন তহবিল বাবদ=১,৫৬১/- (এক হাজার পাঁচশত একষট্টি) টাকা আদায় করা হয়েছে।<br>০৩। সমবায় সমিতিগুলোর পরিদর্শন, তদারকি এবং পরিচর্যা কার্যক্রম যথাযথভাবে চলছে।<br>০৪। আশ্রয়ণ প্রকল্পের ঋণ আদায়ের প্রচেষ্টা অব্যাহত রয়েছে। এ বিষয়ে সহযোগিতা প্রয়োজন। | অডিট কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্তগ্রহণ করা হয়। | উপজেলা সমাজসেবা অফিসার। |

| | | | |
|---|---|---|---|
| ০৬) | <u>উপজেলা প্রকৌশল দপ্তর ঃ</u><br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে,<br>০১। উপজেলা চেয়ারম্যান মহোদয়ের বাসভবনের গাড়ির গ্যারেজের পাশে টয়লেট নির্মান এবং উপজেলা পরিষদের অভ্যন্তরে প্রবেশ পথে রাস্তায় ইট দ্বারা সংস্কার/মেরামত। বরাদ্দ=২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা।<br><br>০২। উপজেলা নির্বাহী অফিসার এঁর বাসভবন সংস্কার/মেরামত এবং টাইলস সংযোজন কাজ বাবদ =২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা।<br><br>০৩। উপজেলা পরিষদ ভবনের অফিস কক্ষে ব্যবহারের নিমিত্ত ফার্নিচার ক্রয় বাবদ=২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের বিষয়ে আলোচনা করা হয়।<br><br>০৪। বাহাদুরাবাদ ইউনিয়নের পোল্লাকান্দি ব্রীজের এপ্রোচের উত্তর ও দক্ষিণ পার্শে ক্ষতিগ্রস্থ অংশে সংস্কার/মেরামত বাবদ =২,৭০,০০০/- (দুই লক্ষ সত্তর হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের বিষয়ে আলোচনা করা হয়।<br><br>০৫। উপজেলা হিসাবরক্ষণ অফিসারের কার্যালয়, দেওয়ানগঞ্জ, জামালপুর স্মারক নং-ইউএও/দেওয়ান/জামাল/৬৮৩, তারিখ ঃ ৩০/৬/২০২২ খ্রি. মূলে উপজেলা হিসাব রক্ষণ অফিসার, দেওয়ানগঞ্জ সড়ক দুর্ঘটনায় পায়ে আঘাত প্রাপ্ত হন। চিকিৎসক পায়ে একটি লোহার রড সংযোজন করেছেন। যার ফলে টয়লেট ব্যবহারে খুবই অসুবিধার সৃষ্টি হচ্ছে। বিধায়, হিসাব রক্ষণ অফিসারের কার্যালয়, দেওয়ানগঞ্জ এ একটি টয়লেটে হাইকমোড স্থাপন প্রয়োজন। একটি টয়লেটে হাইকমোড স্থাপন বাবদ =২০,০০০/- (বিশ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ভাউচারের মাধ্যমে ব্যয় নির্বাহের বিষয়ে আলোচনা করা হয়।<br><br>০৬। স্থানীয় সরকার, প্রকৌশল অধিদপ্তর, আগাঁরগাও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭, স্মারক নং-৪৬.০২.০০০০.৮৭৮.২৭.০২৭.১৭.৬২৯৪, তারিখ ঃ ২২/৬/২০২২ খ্রি. এবং ০২ নং সূত্রস্থ ডিজাইন ইউনিটের স্মারক নং-৪৬.০২.০০০০.৩০১.৯৯.০৩০.১৯-৯৫৭, তারিখ ঃ ১৬/৬/২০২২ খ্রি. স্মারকমূলে মূলে "চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচী (পিইডিপি৪)" এর আওতায় জামালপুর জেলার দেওয়ানগঞ্জ উপজেলাধীন চিকাজানী সরকারী প্রাথমিক বিদ্যালয়ের তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি, ডিজাইন ইউনিটের প্রতিবেদন পর্যালোচনায় পরিলক্ষিত হয় যে, প্রোথিত পাইলের দৈর্ঘ্য ও ভার বহন ক্ষমতা ডিজাইন অনুযায়ী গ্রহণযোগ্য। বিধায়, উক্ত বিদ্যালয়ের পূর্ত কাজটি পুনঃরায় শুরু করা এবং সন্তোষজনকভাবে সম্পাদিত কাজের ঠিকাদারের পাওনা বকেয়া থাকলে দ্রুত পরিশোধের বিষয়ে অনুরোধ করা হয়। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ০১। উপজেলা চেয়ারম্যান মহোদয়ের বাসভবনের গাড়ির গ্যারেজের পাশে টয়লেট নির্মান এবং উপজেলা পরিষদের অভ্যন্তরে প্রবেশ পথে রাস্তায় ইট দ্বারা সংস্কার/মেরামত বরাদ্দ=২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা (যা PIC এর মাধ্যমে) উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০২। উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন সংস্কর/মেরামত এবং টাইলস সংযোজন বাবদ ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা (যা PIC এর মাধ্যমে) উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৩। উপজেলা পরিষদ ভবনের অফিস কক্ষে ব্যবহারের নিমিত্ত ফার্নিচার ক্রয় বাবদ=২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা (যা PIC এর মাধ্যমে) উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৪। বাহাদুরাবাদ ইউনিয়নের পোল্লাকান্দি ব্রীজের এপ্রোচের উত্তর ও দক্ষিণ পার্শে ক্ষতিগ্রস্থ অংশে সংস্কার/মেরামত বাবদ =২,৭০,০০০/- (দুই লক্ষ সত্তর হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৫। উপজেলা হিসাব রক্ষণ অফিসার, দেওয়নগঞ্জ, জামালপুর কার্যালয়ে একটি টয়লেট হাইকমোড স্থাপন বাবদ =২০,০০০/- (বিশ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ভাউচারের মাধ্যমে ব্যয় নির্বাহের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৬। "চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচী (পিইডিপি৪)" এর আওতায় জামালপুর জেলার দেওয়ানগঞ্জ উপজেলাধীন চিকাজানী সরকারী প্রাথমিক বিদ্যালয়ের পূর্ত কাজটি পুনঃরায় শুরু করা এবং সন্তোষজনকভাবে সম্পাদিত কাজের ঠিকাদারের পাওনা বকেয়া থাকলে দ্রুত পরিশোধের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার |

| | | | |
|---|---|---|---|
| ০৭) | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ঃ<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান,<br>ক)। অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচী ২০২১-২০২২ অর্থবছরে ২য় পর্যায়ের কাজ গত ১৪/৫/২০২২ খ্রি. তারিখ শুরু হয়েছে এবং ০৮/৬/২০২২ খ্রি. পর্যন্ত মোট ২০ দিন কাজ সম্পন্ন হয়েছে। ১০/৬/২০২২ খ্রি. তারিখের মধ্যে উপকারভোগীদের শ্রম মজুরীর বিল অধিদপ্তরে প্রেরণ করার নির্দেশনার প্রেক্ষিতে সকল ইউনিয়নের বিল প্রেরণ করা হয়েছে। শুধুমাত্র দেওয়ানগঞ্জ ইউনিয়নের ০৫ দিনের শ্রম মজুরীর বিল উপজেলা কমিটিতে বিলম্বে প্রেরণ করায় অধিদপ্তরে প্রেরণও বিলম্ব হয় যার ফলে অধিদপ্তর হতে জানানো হয় সময় মত বিল প্রেরন না করায় বিল প্রদান করা সম্ভব হবে না।<br>খ) সাম্প্রতিক বন্যাকালীন সময়ে ইউনিয়ন পর্যায়ে উপ-বরাদ্দকৃত জি আর (চাউল) এর মাষ্টাররোল বন্যা কবলিত উপকারভোগীদের মাঝে বিতরণের ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে দূর্যোগ ব্যবস্থাপনা শাখায় দাখিল করার জন্য অনুরোধ করা হলো। বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগ ও দুর্ঘটনায় ক্ষতিগ্রস্থদের তথ্য অতি দ্রুততম সময়ে দুর্যোগ ব্যবস্থাপনা শাখায় দাখিল করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।<br>গ) উপজেলা পরিষদ ওয়ারী টি আর ও কাবিটা প্রকল্পের আওতায় বাস্তবায়িত প্রকল্পসমূহ সাম্প্রতিক বন্যার বাধাগ্রস্থ হওয়ায় প্রকল্পের বরাদ্দকৃত টাকার অব্যয়িত অর্থ উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার যৌথ স্বাক্ষরে পরিচালিত চলতি হিসাবে রাখা যেতে পারে যা বন্যার পানি নেমে যাওয়ার পর প্রকল্পের অবশিষ্ট কাজ সম্পন্ন করে বিল প্রদান করা যেতে পারে।<br>ঘ) বার্ষিক উন্নয়ন কর্মসূচী এইচবিবি প্রকল্পের আওতায় চরআমখাওয়া ইউনিয়নে ৫৪০ মিটার, বাহাদুরাবাদ ইউনিয়নে ৫৪০ মিটার এবং চিকাজানী ইউনিয়নে ১০৮০ মিটার রাস্তার কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। ২য় পর্যায়ে আহ্বানকৃত দরপত্রের চিকাজানী ইউনিয়নের ১০০০ মিটার রাস্তার কাজ চলমান আছে। সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে প্রকল্পের কাজ তদারকির জন্য অনুরোধ করা হলো।<br>ঙ) বার্ষিক উন্নয়ন কর্মসূচী ব্রীজ কালভার্ট প্রকল্পের আওতায় চরআমখাওয়া ইউনিয়নে ০১ টি, চিকাজানী ইউনিয়নে ০১ টি, বাহাদুরাবাদ ইউনিয়নে ০১ টি, হাতীভাংগা ইউনিয়নে ০১ টি, এবং ডাংধরা ইউনিয়নে ০১ টি ব্রীজের কাজ চলমান রয়েছে। সংশ্লিষ্ট ইউনিয়ন চেয়ারম্যানগণকে প্রকল্পের কাজের ব্যাপারে ঠিকাদারকে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগের আওতায় সকল কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ০৮) | উপজেলা শিক্ষা অফিস ঃ<br>উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, আন্তঃ প্রাথমিক বিদ্যালয় ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা এবং বঙ্গবন্ধু, বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল প্রতিযোগিতা/২০২২ সুন্দরভাবে সম্পন্ন হয়েছে। বর্তমানে ৩৭ টি প্রাথমিক বিদ্যালয়ে বন্যার পানি প্রবেশ করেছে এবং ২০ টি প্রাথমিক বিদ্যালয়ের শ্রেণি পাঠদান কার্যক্রম বন্ধ রয়েছে। উপজেলা শিক্ষা অফিসার কর্তৃক বিদ্যালয় পরিদর্শন কার্যক্রম চলমান আছে। দপ্তরের অন্যান্য কার্যক্রম ভালোভাবে চলছে। | শিক্ষা বিভাগের সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার |
| ০৯) | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ঃ<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, সাম্প্রতিক বন্যায় ৭২ টি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে ০৭ টি শিক্ষা প্রতিষ্ঠানের পাঠদান কার্যক্রম বন্ধ রয়েছে। ০২ টি শিক্ষা প্রতিষ্ঠানে আশ্রয় কেন্দ্র খোলা হয়েছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম ভালোভাবে চলছে। | মাধ্যমিক শিক্ষা বিভাগের সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১০) | পরিবার পরিকল্পনা বিভাগ ঃ<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তাঁর বিভাগ সম্পর্কিত আলোচনা করা সম্ভব হয়নি। | | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| ১১) | উপজেলা প্রাণিসম্পদ অফিস ঃ<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভাকে জানান যে,<br>০১। দেওয়ানগঞ্জবাসী পানিবন্দী হওয়ায় গবাদি পশুর মাঝে যেন রোগজীবানু ব্যাপকভাবে না ছড়াতে পারে সেলক্ষে ফ্রি ভ্যাকসিনেশন ক্যাম্পেইন এবং ফ্রি মেডিকেল ক্যাম্পেইন করা হচ্ছে।<br>০২। বিভাগীয় অন্যান্য কার্যক্রম ভালোভাবে চলছে। | প্রাণিসম্পদ বিভাগের উল্লিখিত কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার |
| ১২) | উপজেলা মৎস্য বিভাগ ঃ<br>উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, সাম্প্রতিক বন্যার পানি প্রায় সকল ইউনিয়নে প্রবেশ করেছে। জলাশয়ে কারেন্টজাল এবং চায়না জাল ব্যবহার নিরুৎসাহিত করার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। মাছ বাজার দর ও সরবরাহ স্বাভাবিক রয়েছে। মৎস্য বিভাগের অন্যান্য সকল কার্যক্রম ভালোভাবে চলছে। | মৎস্য দপ্তরের সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার |
| ১৩) | উপজেলা যুব উন্নয়ন অফিস ঃ<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, | ঋণ প্রদান ও আদায় কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| | আত্মকর্মসংস্থান ঋণ কর্মসূচী ঃ<br>উপকারভোগীর সংখ্যা-৯৬০ জন। ঋন সংখ্যা-১৬২৩ জন। চলতি অর্থবছরে ৩১ জন সদস্যের মাঝে ঋণ বিতরন=২০,৮০,০০০/- (বিশ লক্ষ আশি হাজার) টাকা। কার্যক্রম শুরু হতে এ পর্যন্ত ক্রমপুঞ্জিত ঋণ বিতরন=৩,২৮,০৫,৮০০/-(তিন কোটি আটাশ লক্ষ পাঁচ হাজার আটশত) টাকা। চলতি মাসে আদায়যোগ্য =২,৩০,৯০০/- (দুই লক্ষ ত্রিশ হাজার নয়শত) টাকা এবং চলতি মাসে আদায়কৃত=১,৭১,১৫০/-(এক লক্ষ একাত্তর হাজার একশত পঞ্চাশ) টাকা। চলতি মাসে আদায়ের শতকরা হার ৭৪.১২%। ক্রমপুঞ্জিত আদায়যোগ্য=২,৯২,৫৩,৮৪২/-(দুই কোটি বিরানব্বই লক্ষ তিপ্পান্ন হাজার আটশত বিয়াল্লিশ) টাকা। ক্রমপুঞ্জিত আদায়=২,৬৭,০৭,৯০৩/-(দুই কোটি সাতষট্টি লক্ষ সাত হাজার নয়শত তিন) টাকা। আদায়ের শতকরা হার ৯১%। খেলাপী টাকার পরিমান=১৮,১২,৫০৭/-(আঠার লক্ষ বার হাজার পাঁচশত সাত) টাকা।<br>পরিবার ভিত্তিক ঋণ কর্মসূচী-<br>চলতি অর্থবছরের বিতরণ- ৪,৮০,০০০/- (চার লক্ষ আশি হাজার) টাকা<br>উপকারভোগীর সংখ্যা- ২৭৫ জন<br>ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ঘূর্ণায়মান- ২৯,৮০,০০০/- (উনত্রিশ লক্ষ আশি হাজার) টাকা<br>চলতি মাসে আদায়যোগ্য- ২৮,৮০০/- (আটাশ হাজার আটশত) টাকা<br>চলতি মাসে আদায়ের শতকরা হার- ১০০%<br>ক্রমপুঞ্জিত আদায়যোগ্য- ২৫,৫৭,৬০০/-(পঁচিশ লক্ষ সাতান্ন হাজার ছয়শত) টাকা<br>ক্রমপুঞ্জিত আদায়কৃত- ২০,৮৯,৯৬০/-(বিশ লক্ষ উননব্বই হাজার নয়শত ষাট) টাকা<br>ক্রমপুঞ্জিত আদায়ের শতকরা হার- ৮২%<br>প্রশিক্ষণ জোরদারকরণ প্রকল্পঃ চলতি অর্থবছরে বিতরণ- নাই<br>উপকারভোগীর সংখ্যা-১৮ জন<br>ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ-৮,২০,০০০/- (আট লক্ষ বিশ হাজার) টাকা<br>চলতি মাসে আদায়যোগ্য ০০/- এবং চলতি মাসে আদায়কৃত-০০/-<br>চলতি মাসে আদায়ের শতকরা হার ০০%<br>আদায়যোগ্য টাকার পরিমান-৮,২০,০০০/-(আট লক্ষ বিশ হাজার) টাকা<br>ক্রমপুঞ্জিত আদায়কৃত টাকার পরিমান-৬,৭৩,৩৪১/-<br>আদায়ের শতকরা হার-৮২%<br>অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ-<br>চলতি অর্থবছরের অগ্রগতি-পুরুষ-৬৯ জন, মহিলা-৩২১ জন, মোট- ৩৯০ জন<br>ক্রমপুঞ্জিত অগ্রগতি- পুরুষ- ২৮১৯ জন, মহিলা-৪৪১৫ জন, মোট- ৭২৩৪ জন<br>আত্মকর্মী সৃজন- পুরুষ- ২৬৯ জন, মহিলা- ১৬৮ জন, মোট- ৪৩৭ জন<br>তালিকাভুক্ত যুব সংগঠনের সংখ্যা- ২৭ টি<br>সক্রিয় যুব সংগঠনের সংখ্যা- ০৮ টি | হয়। | |
| ১৪) | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার অফিস ঃ<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভাকে অবহিত করেন যে,<br>০১। ক্ষুদ্রঋণ আদায় কার্যক্রম অব্যাহত রয়েছে।<br>০২। IGA ফ্যাশন ডিজাইন এবং বিউটিফিকেশনের ৩৪ এবং ১৫ তম ব্যাচের প্রশিক্ষণার্থী বাছাই কার্যক্রম সম্পন্ন হয়েছে।<br>০৩। সেলাই প্রশিক্ষণের প্রশিক্ষণার্থী বাছাই হয়েছে।<br>০৪।KKC কিশোর কিশোরী ক্লাবের আবৃত্তির শূন্যপদের প্রশিক্ষক নিয়োগ কার্যক্রম সম্পন্ন হয়েছে।<br>০৫। মা ও শিশু সহায়তা কার্যক্রমের পৌরসভার উপকারভোগীর আবেদন অনলাইনে সম্পন্ন হয়েছে। | মহিলা বিষয়ক অফিসের সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৫) | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ঃ<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে,<br>০১। ঋণ আদায়- ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা<br>০২। ঋণ বিতরণ-৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা। | খেলাপী ঋণ আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৬) | উপজেলা বন বিভাগ ঃ | | উপজেলা বন কর্মকর্তা |
| ১৭) | ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক<br>০১। গত মে/২২ মাসের মোট ঋণ আদায় =১ কোটি ১০ লক্ষ টাকা<br>০২। গত মে/২২ মাসের মোট ঋণ বিতরণ =৫২ লক্ষ টাকা।<br>০৩। ২০২১-২০২২ অর্থবছরের মে/২২ মাস পর্যন্ত শাখার ঘাটতি ছিল-২৪ লক্ষ | পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | ম্যানেজার পল্লী সঞ্চয় ব্যাংক |

| | | | |
|---|---|---|---|
| | টাকা। কিন্তু জুন/২২ মাসে ২৪ লক্ষ টাকার ঘাটতি পূরনপূর্বক শাখা বর্তমানে লাভ করেছে। | | |
| ১৮) | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা ঃ<br>উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান যে,<br>ক্ষুদ্র ঋন অগ্রগতি ঃ<br>০১) ক) মোট সমিতির সংখ্যা ৮৫ টি<br>খ) মোট সদস্য- ৪২৪৩ জন<br>গ) মোট ঋন বিতরণ- ৫৪৯৫০০০/-<br>ঘ) মোট ঋন আদায়- ৬৫.৬৩<br>ঙ) মোট সঞ্চয় আদায়- ১২.০৯<br>চ) ঋন আদায় হার- ৯৮%<br>০২) ব্যবসায়ী ঋন- সেলপ<br>ক) মোট উদ্যেক্তা সংখ্যা- ৮০ জন<br>খ) মোট ঋণ বিতরণ- ২.৫০<br>গ) মোট ঋণ আদায়- ১০.৯৫<br>ঘ) আদায় হার- ১০০%<br>ঙ) সয়ম্ভরতার হার- ১২০% | ঋণ আদায় ও প্রদান কার্যক্রম ভালোভাবে বাস্তাবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা |
| ১৯) | ডিজিএম পল্লী বিদ্যুৎ ঃ<br>এজিএম পল্লী বিদ্যুৎ সভাকে অবহিত করেন যে,<br>০১। বন্যার পানি বৃদ্ধি পাওয়ার ফলে লাইনের ক্লিয়ারেন্স কমে যাওয়ার কারণে লাল পতাকা টানানো হচ্ছে।<br>০২। লাইনের ক্লিয়ারেন্স বেশী কমে গেলে বিদ্যুৎ লাইন নিরাপত্তার সার্থে বন্ধ করা হচ্ছে। এ ব্যাপারে তথ দিয়ে এবং গ্রাহক মোটিভেশন করে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো।<br>০৩। বর্তমান জুন/২২ মাস চলমান। সকল সরকারি অফিসের বকেয়া বিদ্যুৎ বিলের ব্যাপারে গত সভায় আলোচনা করা হয়েছিল। ইতোমধ্যে অনেক অফিস বিল পরিশোধ করেছেন। বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের জন্য অনুরোধ করা হয়। | পল্লী বিদ্যুৎ বিভাগের সকল কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ ডিজিএম পল্লী বিদ্যুৎ |
| ২০) | ষ্টেশন মাষ্টার, দেওয়ানগঞ্জ ঃ | | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহীঅফিসার/ষ্টেশন মাষ্টার |
| ২১) | ফায়ার সার্ভিস, দেওয়ানগঞ্জ ঃ<br>ফায়ার সার্ভিস, দেওয়ানগঞ্জ জানান যে, তাঁদের সকল কার্যক্রম ভালোভাবে চলমান রয়েছে। যে কোন জায়গা থেকে কখনও যদি আগুন লাগার খবর আসে বা যে কোন দুর্ঘটনার খবর পাওয়ার সাথে সাথে ঘটনাস্থলে গিয়ে দুর্ঘটনারোধ কল্পে সকল কার্যক্রম সম্পাদন করা হয়। সকলকে ধন্যবাদ জানিয়ে তিনি বক্তব্য শেষ করেন। | ফায়ার সার্ভিস, দেওয়ানগঞ্জ এর সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ২২) | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ঃ<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, অত্র উপজেলা, পৌরসভার অনুকূলে ২০২১-২০২২ অর্থবছরে OMS খাতে ০৩ জন ডিলারের মাধ্যমে ২৯২.৫০০ মে. টন আটা ও ৬২৮.৫০০ মে. টন চাউল বিক্রয় করা হয়েছে। বোরো সংগ্রহ কার্যক্রম শুরু হয়েছে।<br>সংগ্রহ- বোরো সিদ্ধ চাউল-১৯.৭১০, বোরো ধান-২.০০০<br>মজুদ- চাউল-১১৬৮.২৫৪ মে. টন, ধান-২.০০০ মে. টন, গম-৪.৮০৭ মে. টন, খালিবস্তা-১,৬৫,২২৯ টি। এছাড়াও অনলাইন ভিত্তিক ধান বিক্রয়ের আবেদন চলমান রয়েছে। | সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ২৩) | উপজেলা পাট বিভাগ ঃ<br>উপজেলা পাট কর্মকর্তা সভায় উপস্থিত না থাকার কারণে বিভাগ সম্পর্কিত আলোচনা সম্ভব হয়নি। | | উপজেলা পাট কর্মকর্তা |
| ২৪) | উপজেলা তথ্য কেন্দ্র, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) সভায় উপস্থিত না থাকার কারনে আলোচনা করা সম্ভব হয়নি। | | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ২৫) | চেয়ারম্যান ডাংধরা ইউপি ঃ<br>ডাংধরা ইউপি চেয়ারম্যান সভায় জানান যে, পাহাড়ি ঢল এবং যমুনার পানি বৃদ্ধির ফলে তাঁর ইউনিয়নের বন্যার পানি প্রবেশ করেছে। তাঁর ইউনিয়নের চল্লিশ দিনের কর্মসূচী কিছু বিল বকেয়া রয়েছে। বিল পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী |

| | | | |
|---|---|---|---|
| | এছাড়াও স্থায়ী কমিটিগুলো গঠন করা হয়েছে। সভাও আহ্বান করা হয়। গ্রাম আদালত কার্যক্রম শুরু হয়েছে। সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন। | | অফিসার |
| ২৬) | চেয়ারম্যান চরআমখাওয়া ইউপি ঃ<br>নবাগত চরআমখাওয়া ইউপি চেয়ারম্যান সভায় সকলকে ছালাম জানান। তিনি জানান যে, গ্রাম আদালত কার্যক্রম শুরু করেছেন। স্থায়ী কমিটিগুলো গঠন করা হয়েছে। সভাগুলোও করা হয়। এছাড়াও তাঁর ইউনিয়নে বন্যার পানি প্রবেশ করে কিছু এলাকা প্লাবিত হয়েছে। সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন। | গ্রাম আদালত কার্যক্রমসহ সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ২৭) | চেয়ারম্যান পাররামরামপুর ইউপি ঃ<br>চেয়ারম্যান, পাররামরামপুর ইউপি জানান যে, তাঁর ইউপি ভবনটি জরাজীর্ন। বৃষ্টি হলে পানি পড়ে। ভবনটি খুব শীঘ্রই সংস্কার/মেরামত প্রয়োজন। ১৩ টি স্থায়ী কমিটি গঠন করা হয়েছে। গ্রাম আদালতসহ সকল কার্যক্রম ভালোভাবে চলছে। | সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপলো নির্বাহী অফিসার |
| ২৮) | চেয়ারম্যান হাতীভাংগা ইউপি ঃ<br>হাতীভাংগা ইউপি চেয়ারম্যান, সভায় উপস্থিত না থাকার কারণে আলোচনা করা সম্ভব হয়নি। | | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপলো নির্বাহী অফিসার |
| | চেয়ারম্যান চিকাজানী ইউপি ঃ<br>চিকাজানী ইউপি চেয়ারম্যান জানান যে, মন্ডল বাজারের পিছনে রাস্তা ভেংগে যাওয়ার কারণে জনসাধারণের চলাচলে অসুবিধার সৃষ্টি হচ্ছে। মালামাল পরিবহনে অসুবিধার সৃষ্টি হচ্ছে। রাস্তাটি মেরামত/সংস্কার প্রয়োজন। সভাস্থ সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন। | সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ৩০) | চেয়ারম্যান বাহাদুরাবাদ ইউপি ঃ<br>বাহাদুরাবাদ ইউপি চেয়ারম্যান সভায় সকলকে শুভেচ্ছা জানান। তিনি জানান যে, তাঁর ইউনিয়নে সাম্প্রতিক বন্যায় কিছু এলাকায় পানি প্রবেশ করেছে। বেশির ভাগ এলাকার জনগণ ভিটা উচু করে বসবাস করছে। ঝালর চর ব্রীজ সংস্কার/মেরামত করা হয়েছে। সকলকে ধন্যবাদ জানিয়ে তিনি বক্তব্য শেষ করেন। | উল্লিখিত বিষয়গুলোর ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ৩১) | চেয়ারম্যান চুকাইবাড়ী ইউপি ঃ<br>চুকাইবাড়ী ইউপি চেয়ারম্যান সভায় জানান যে, বন্যার পানি প্রায় প্রত্যেক বছর অত্র দেওয়ানগঞ্জ উপজেলায় প্রবেশ করে। জনগণের জানমালে ক্ষয়ক্ষতি সাধিত হয়। তাই বন্যার পানি রোধকল্পে একটি বেড়িবাঁধ নির্মানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন। | উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ৩২) | চেয়ারম্যান দেওয়ানগঞ্জ ইউপি ঃ<br>দেওয়ানগঞ্জ ইউপি চেয়ারম্যান সভায় উপস্থিত না থাকার কারণে তাঁর ইউনিয়ন সম্পর্কিত আলোচনা করা সম্ভব হয়নি। | | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ৩৩) | প্রশাসক, দেওয়ানগঞ্জ পৌরসভা<br>প্রশাসক, দেওয়ানগঞ্জ পৌরসভা সভায় জানান যে, দেওয়ানগঞ্জ পৌরসভার সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। রাস্তা, ড্রেইনেজ, লাইটিংসহ বিভিন্ন উন্নয়নমূলক কাজ চলমান আছে। | দেওয়ানগঞ্জ পৌরসভার সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ৩৪) | মাননীয় এমপি মহোদয় প্রতিনিধি ঃ<br>মাননীয় এমপি মহোদয় প্রতিনিধি জনাব বিকাশ কবির ইমরান, মাননীয় এমপি মহোদয় জনাব আবুল কালাম আজাদ এঁর পক্ষ হতে সভায় সকলকে শুভেচ্ছা জানান। তিনি জানান যে, অত্র দেওয়ানগঞ্জ উপজেলার বিভিন্ন বিভাগীয় কর্মকর্তাগণ এবং ইউপি চেয়ারম্যানগণের কার্যক্রম সম্পর্কে সুন্দরভাবে আলোচনা করেছেন। বন্যায় বিভিন্ন ইউনিয়ন প্লাবিত হয়েছে। ব্রীজ, কালভার্ট ও রাস্তা-ঘাট বন্যার পানিতে ক্ষতিগ্রস্থ হয়। সংশ্লিষ্ট সকলের সহযোগিতায় বন্যা মোকাবিলা করার জন্য অনুরোধ করেন। সভাস্থ সকলকে আন্তরিক অভিবাদন জানিয়ে তিনি বক্তব্য শেষ করেন। | উন্নয়নমূলকসহ বিভিন্ন বিভাগীয় কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ৩৫) | ভাইস চেয়ারম্যান ঃ<br>ভাইস চেয়ারম্যান সভাস্থ সকলকে ছালাম ও শুভেচ্ছা জানান। তিনি জানান যে, অত্র দেওয়ানগঞ্জ উপজেলায় বন্যার পানি প্রবেশ করেছে। বিভিন্ন এলাকা প্লাবিত হয়েছে। সিলেটের বন্যার ভয়বহাত সম্পর্কে সকলেই অবগত রয়েছেন। তাই সংশ্লিষ্ট সকলে একত্রে মিলে যেন বন্যা মোকাবিলা এবং বন্যার্তদের মাঝে প্রয়োজনীয় ত্রাণ পৌছিয়ে দেয়া যায় সেজন্য সভায় অনুরোধ জানান। সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন। | সকল কার্যক্রম সকলের সহযোগিতায় ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |

| | | | |
|---|---|---|---|
| ৩৬) | ভাইস চেয়ারম্যান (মহিলা) ঃ<br>ভাইস চেয়ারম্যান (মহিলা), সভায় সকলকে শুভেচ্ছা জানান। তিনি জানান যে, হাতীভাংগা ইউনিয়নের চখার চর ব্রীজ ভেংগে যাওয়ার উপক্রম হয়েছে। জনসাধারণের চলাচলে অসুবিধা সৃষ্টি হচ্ছে। ব্রীজটি সংস্কার/মেরামত প্রয়োজন। সভাস্থ সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন। | আলোচনান্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সিদ্ধান্তগ্রহণ করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপ-নির্বাহীঅফিসার |
| ৩৭) | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ঃ<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ মহোদয় সভাস্থ সকলকে শুভেচ্ছা জানান। অত্র সভায় বিভিন্ন বিভাগীয় কর্মকর্তাগণ এবং ইউপি চেয়ারম্যানগণ কার্যক্রম নিয়ে আলোচনা করেছেন। সম্প্রতি বন্যায় দেওয়ানগঞ্জ উপজেলায় বিভিন্ন ইউনিয়ন প্লাবিত হয়েছে। কৃষি অফিসার জানান, পাট বন্যার পানিতে নিমজ্জিত রয়েছে। এরকম বিভিন্ন দপ্তর বন্যার পানিতে ক্ষতিগ্রস্থ বিষয়ে উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট অবহিত করবেন। বিভিন্ন বিভাগীয় কর্মকর্তাগনসহ ইউপি চেয়ারম্যানগণ একত্রে যার যার অবস্থান থেকে বন্যার্তদের পাশে দাঁড়াই। বন্যা মোকাবিলায় সকলে একত্রে কাজ করি। আগামী ২৫/৬/২০২২ খ্রি. তারিখ মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা স্বপ্নের পদ্মা সেতু উদ্বোধন করবেন। সকলকে সজাগ থাকার জন্য অনুরোধ করেন। সকলে একত্রে মিলে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনায় সঠিকভাবে সকল উন্নয়নমূলক কার্যক্রম বাস্তবায়নপূর্বক দেশ ও দেশের জনগণের জীবনমান উন্নত হবে। দেশনেত্রী মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনর শারীরিক সুস্থ্যতার জন্য দোয়া কামনা করে, মাননীয় এমপি মহোদয় জনাব আব্দুল কালাম আজাদ এঁর জন্য দোয়া চেয়ে এবং সভাস্থ সকলের সুস্থ্যতা কামনা করে বক্তব্য শেষ করেন। | সংশ্লিষ্ট সকলের সহযোগিতায় বিভাগীয় ও উন্নয়নমূলক কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ৩৮) | জুন/২২ খ্রি. মাসের চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও ভাইস চেয়ারম্যানগণ এর ভ্রমণভাতা বিল উপস্থাপন করা হয়। জুন/২২ খ্রি. মাসে চেয়ারম্যান, উপজেলা পরিষদ =১৩,১২৫/- (এগার হাজার দুইশত পঞ্চাশ) টাকা এবং ভাইস চেয়ারম্যান=৭,৫০০/-(সাত হাজার পাঁচশত) এবং ভাইস চেয়ারম্যান (মহিলা) =৭,৫০০/-(সাত হাজার পাঁচশত) টাকা অনুমোদনের জন্য আলোচনা করা হয়। | এপ্রিল/২২ মাসের ভ্রমনভাতা বিল সর্বমোট = ২৮,১২৫/- টাকা অনুমোদিত ও গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ৩৯) | ভোক্তা অধিকার বিষয়ে আলোচনা<br>ক) উপজেলা পর্যায়ে পাইকারি ও খুচরা ব্যবসা প্রতিষ্ঠানসহ ভোক্তাদের ব্যবহারের জন্য বিভিন্ন পণ্য উৎপাদন এবং বিপনন বিষয়ে আলোচনা করা হয়।<br>খ) ভোক্তা অধিকার বিষয়ে ও ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ আরো অধিকতর প্রচারের মাধ্যমে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রচার কার্যক্রম পরিচালনা করা যেমন- লিফলেট, প্যাম্পলেট, পোস্টার টাংগানো, সভা, সেমিনার, সিম্পোজিয়াম ইত্যাদি কর্মশালা আয়োজন করা প্রয়োজন। | ক) পাইকারি ও খুচরা ব্যবসা প্রতিষ্ঠানসহ ভোক্তাদের ব্যবহারের জন্য বিভিন্ন পণ্য উৎপাদন, বিপনন প্রতিষ্ঠানসমূহ তদারকির সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) নাগরিকদের মাঝে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সকল কার্যক্রম পরিচালনা করা যেমন- লিফলেট, প্যাম্পলেট, পোস্টার লাগানো, সভা, সেমিনার ও কর্মশালা ইত্যাদি বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটি |
| ৪০) | হাট বাজার সংক্রান্ত ঃ<br>দেওয়ানগঞ্জ উপজেলা পরিষদের ১৩ টি হাট বাজার ১৪২৯ বঙ্গাব্দে ইজারা প্রদানের জন্য বিজ্ঞপ্তি প্রদান করা হলে সর্বশেষ গত ৩১/৩/২০২২ খ্রি. তারিখে অত্র উপজেলার ১৩ টি হাট বাজারের মধ্যে ১১ টি হাট বাজার দরপত্র প্রাথমিকভাবে হাট-বাজর ইজারা মূল্যায়ন কমিটি অনুমোদন করেন। ০৮ টি হাটের ইজারাদারগণ হাটের সাকুল্য টাকা পরিশোধ করেছেন। অবশিষ্ট ০৩ টি হাট ক)সানন্দবাড়ী হাট, খ) কাউনিয়ার চর হাট এবং গ) ঝালর চর হাটের ইজারাদারগণ এখনো ইজারার টাকা পরিশোধ করেননি। তাদেরকে মৌখিক ও টেলিফোনিকভাবে নির্ধারিত তারিখের মধ্যে হাটের সাকুল্য টাকা পরিশোধের জন্য অনুরোধ করা হয়। অন্যথায় হাটের সাকুল্য টাকা পরিশোধে ব্যর্থ হলে তাদের জামানত বাজেয়াপ্ত হবে এবং পুনরায় ইজারা প্রদান করা হবে। অবশিষ্ট ০২ টি হাটের ইজারা না হওয়ায় খাস আদায় কমিটির মাধ্যমে আদায় কার্যক্রম চলমান রয়েছে। | ইজারাদারগণ নির্ধারিত তারিখের মধ্যে হাটের সাকুল্য টাকা পরিশোধে ব্যর্থ হলে তাদের জামানত বাজেয়াপ্ত এবং হাট পুনরায় ইজারা প্রদান করা হবে মর্মে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ৪১) | বিবিধ ঃ<br>ক) উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ফেব্রুয়ারি ২০২০, ৩(জ) মূলে আপ্যায়ন ব্যয়, উপজেলা পরিষদ সভা, উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানগণ এবং উপজেলা নির্বাহী অফিসারের সভাসহ অন্যান্য আপ্যায়ন বাবদ মাসিক সর্বোচ্চ =৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা ও সরকারি ক্রয় সংক্রান্ত বিধি-বিধান/নির্দেশাবলী অনুসরণপূর্বক পরিষদের জন্য অফিস সামগ্রী ও ষ্টেশনারি দ্রব্যাদি উপজেলা পরিষদ রাজস্ব | ক) উল্লিখিত ব্যয় বাবদ =৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |

| | | | |
|---|---|---|---|
| | তহবিল হতে ক্রয় করা যাবে। তবে এখাতে মাসিক সর্বোচ্চ =৫,০০০/- (পাঁচ হাজার) টাকার বেশী ব্যয় করা যাবেনা। এ বিষয়ে আলোচনা করা হয়। | | |

অতপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্ত ঘোষণা করা হয়।

22/06/22

মোঃ সোলায়মান হোসেন
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
দেওয়ানগঞ্জ, জামালপুর
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা

তারিখ ঃ ২১/৬/২০২২ খ্রি.

স্মারক নং-উঃনিঃঅঃ/দেওয়ান/উঃপঃসঃ/ ৬৬৫ (৪০)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে ঃ

১) সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) জেলা প্রশাসক, জামালপুর।
৩) উপজেলা ......................................অফিসার, দেওয়ানগঞ্জ, জামালপুর।
৪) চেয়ারম্যান......................................ইউনিয়ন পরিষদ (সকল), দেওয়ানগঞ্জ, জামালপুর।
৫) অফিস কপি।

21/6/22

কামরুন্নাহার শেফা
উপজেলা নির্বাহী অফিসার
দেওয়ানগঞ্জ, জামালপুর।